



সিলেটঃ নগরীতে ভর্তি পরীক্ষা। বাইরে অপেক্ষমান অভিভাবকবৃন্দ

ইত্তেফাক

সিলেটের স্কুলগুলোতে ভর্তি যুদ্ধ শুরু ॥ সরকারী হাইস্কুলে প্রচণ্ড চাপ

আব্দুল মালিক চৌধুরী। সিলেটের বিভিন্ন স্কুলে ভর্তি পরীক্ষা শুরু হয়েছে। গতকাল শনিবার সিলেট বিভাগের ৮টি সরকারী হাইস্কুলে অল্প পড়ের মাধ্যমে একযোগে ভর্তি ও ষষ্ঠ শ্রেণীতে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। আজ রবিবার ভর্তি পরীক্ষার ফল প্রকাশ করা হবে। প্রতি বছরের মত এবারও ভর্তি মৌসুমে সরকারের ভাল স্কুলে ভর্তি করতে মা-বাবাদের উৎসেহ-উৎসাহ লক্ষ্য করা গেছে। ক্রমবর্ধমান জনসংখ্যার তুলনায় সিলেটে ভাল মানের স্কুলের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে না। সিলেট বিভাগীয় সদরে প্রায় ১০/১৫ লাখ

লোকের বাস। অথচ সিলেট নগরীতে সেই বৃষ্টিশ আমলে বালক ও বালিকাদের জন্য যে মাত্র দু'টি সরকারী হাইস্কুল স্থাপিত হয়েছিল, (১৫শ পৃঃ ৩-এর কঃ প্রঃ)

সিলেটের স্কুলগুলোতে

(শেষ পৃঃ পর)

শতবর্ষ পরেও এই নগরীতে আর কোন সরকারী হাইস্কুল প্রতিষ্ঠা হয়নি। হাতে গোনা ক'টি বেসরকারী হাইস্কুল থাকলেও প্রতি বছর সরকারী হাইস্কুলে ভর্তির প্রচণ্ড চাপ থাকে।

এদিকে, সিলেটের শীর্ষস্থানীয় বেসরকারী বিদ্যালয়গুলোতেও চলছে ভর্তি যুদ্ধ। ইতিমধ্যে কয়েকটি বেসরকারী স্কুলে ভর্তি পরীক্ষা সম্পন্ন হয়েছে। সিলেটেই অন্যতম ভাল স্কুল বলে খ্যাত ডু-বার্ডের ভর্তি পরীক্ষা শুরু হবে ১৩ই জানুয়ারী থেকে।